# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫৬.২১-২৭৬ তারিখঃ ১৬-০৫-১৪৩০ বঃ
৩১-০৮-২০২৩ খ্রিঃ

### দপ্তরাদেশ

জনাব মোঃ আনোয়ার হোসেন (আইডিনং-৬৮০৮২০০০১), উচ্চমান সহকারী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর কর্তৃক পিরোজপুর পওর বিভাগের চারজন কর্মচারী সর্বজনাব (১) আবু বকর সিদ্দিক , সার্ভেয়ার (প্রকৌশল), (২) দেবাশীষ বৈদ্য , কার্য সহকারী, (৩) মোঃ আনোয়ার হোসেন , উচ্চমান সহকারী এবং (৪) কহিনুর বেগম , মালি/গার্ডেনার এর সার্ভিস বুকে নির্বাহী প্রকৌশলীর স্বাক্ষর জাল/নকল করা সংক্রান্ত অনিয়মের অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুসারে কার্যধারা সূচনা করতঃ উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৮(ক) ও ৪৮(চ) অনুযায়ী অভিযুক্ত করে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫৬.২১-২১৮ তারিখঃ ২৮-০৬-২০২২ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ আনোয়ার হোসেন, উচ্চমান সহকারী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত জবাব এবং কার্যধারায় আনীত অভিযোগ পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র পরিদপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫৬.২১-২৪০ তারিখঃ ৩১-০৭-২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনান্তে জনাব মোঃ আনোয়ার হোসেন, উচ্চমান সহকারী এর বিরুদ্ধে আনীত অভিযোগ আংশিকভাবে প্রমাণিত হওয়ায় তার উপর 'তিরস্কার' (Censure) বা নিন্দা জ্ঞাপন দন্ড আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ আনোয়ার হোসেন, উচ্চমান সহকারী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর এর উপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক 'তিরস্কার' (Censure) বা নিন্দা জ্ঞাপন দন্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৫৬.২১-২৭৬(৯) তারিখঃ ১৬-০৫-১৪৩০ বঃ
৩১-০৮-২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
২. পরিচালক, কর্মচারী/হিসাব/অর্থ/ নিরীক্ষা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা/বরিশাল পওর সার্কেল, বাপাউবো, বরিশাল।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর।
৭. হিসাবরক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, বরিশাল।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯. জনাব মোঃ আনোয়ার হোসেন, উচ্চমান সহকারী, পিরোজপুর পওর বিভাগ, বাপাউবো, পিরোজপুর।

(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

E:\Quddus\OO Censure.docx28